জীবননগর আন্দুলবাড়ীয়া ইউপি নির্বাচনে আচরণ বিধি সংক্রন্ত মত বিনিময় সভা

জীবননগর উপজেলার আন্দুলবাড়ীয়া ইউনিয়ন পরিষদ নির্বাচনে আচরণ বিধি সংক্রন্ত মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার বিকাল সাড়ে ৩টার সময় জীবননগর উপজেলা নির্বাচন অফিসের আয়োজনে উপজেলা পরিষদের সভা কক্ষে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার মোঃ রোকনুজ্জামানের সভাপতিত্বে মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমান, সহকারী পুলিশ সুপার জাকিয়া সুলতানা, সহকারী কমিশনার (ভূমি) তিথি মিত্র, চুয়াডাঙ্গা জেলা নির্বাচন অফিসার মোঃ মোতাওয়াক্কিল রহমান, জীবননগর উপজেলা নির্বাচন অফিসার মেজর আহম্মেদ, জীবননগর থানার অফিসার ইনচাজ(ওসি)মোঃনাসির উদ্দিন মৃধাসহ আন্দুলবাড়ীয়া ইউনিয়ন পরিষদ নির্বাচনে অংশগ্রহনকারী সকল প্রাথীগন উপস্থিত ছিলেন।